দৈনিক বাংলা

10

তারিখ 18 MAR 1995
পৃষ্ঠা ৭ কলাম ৮

# ভৈরবে স্কুল মাদ্রাসা উন্নয়নে ১ কোটি ৮৫ লাখ টাকা বরাদ্দ

নিজস্ব সংবাদদাতা : ভৈরব, ১৭ মার্চ।—ভৈরবে চলতি অর্থবছর একটি মহিলা কলেজ, একটি বালিকা উচ্চ বিদ্যালয়সহ ৬টি হাই স্কুল ও একটি মাদ্রাসার উন্নয়নে ১ কোটি ৮৫ লাখ ৫০ হাজার টাকা ব্যয় করা হচ্ছে।

স্থানীয় রফিকুল ইসলাম মহিলা কলেজের উন্নয়নে ১ কোটি ৩০ লাখ ৯০ হাজার ও মাদ্রাসাসহ ৭টি হাই স্কুলের উন্নয়নে ৫৪ লাখ ৬০ হাজার টাকা ব্যয় বরাদ্দ করা হয়েছে।